দৈনিক ইনকিলাব
২৫
তারিখ 26 MAY 1989
পৃষ্ঠা ... ১ ... কলাম ৭

বাংলাদেশ শিক্ষা পরিসংখ্যান ব্যুরো
ডকুমেন্টেশন কেন্দ্র

প্রেসিডেন্টের সভাপতিত্বে উচ্চপর্যায়ের বৈঠক

# যে কোন মূল্যে শিক্ষাঙ্গনের সুষ্ঠু পরিবেশ বজায় রাখার সিদ্ধান্ত

প্রেসিডেন্ট হুসেইন মুহম্মদ এরশাদের সভাপতিত্বে গতকাল ঢাকায় প্রেসিডেন্টের দফতরে রাজশাহী বিশ্ববিদ্যালয়ের বিষয়ে একটি উচ্চপর্যায়ের বৈঠক অনুষ্ঠিত হয়। প্রেসিডেন্ট বিশ্ববিদ্যালয়সমূহেরও চ্যান্সেলর। খবর বাসস'র।

বৈঠকে বিশ্ববিদ্যালয় অঙ্গনে আইন-শৃংখলা পরিস্থিতি ও শিক্ষার পরিবেশ বজায় রাখার বিষয়ে আলোচনা করা হয়। বৈঠকে ছাত্র হত্যাসহ বিশ্ববিদ্যালয় অঙ্গনের সাম্প্রতিক ঘটনাবলীতে উদ্বেগ প্রকাশ করা হয়।

শেষ পৃঃ ১-এর কঃ দেখুন

## উচ্চপর্যায়ের বৈঠক

প্রথম পৃষ্ঠার পর

বৈঠকে সিদ্ধান্ত গৃহীত হয় যে, ভবিষ্যতে এরূপ ঘটনার পুনরাবৃত্তি রোধে প্রয়োজনীয় পদক্ষেপ নেয়া হবে এবং যে কোন মূল্যে শিক্ষাঙ্গনের সুষ্ঠু পরিবেশ বজায় রাখা হবে।

বৈঠকে আরো সিদ্ধান্ত গৃহীত হয় যে, শিক্ষাঙ্গনের আইন-শৃংখলা বজায় রাখার জন্য সরকার বিশ্ববিদ্যালয় কর্তৃপক্ষকে প্রয়োজনীয় সমর্থন দিবেন।

বৈঠকে ছাত্ররা যাতে অবাধে শিক্ষা জীবন অতিবাহিত করতে পারে সে জন্য দেশের উত্তরাঞ্চলের উচ্চতর শিক্ষার প্রধান বিদ্যাপীঠটিতে শিক্ষার পরিবেশ বজায় রাখার লক্ষ্যে ছাত্র ও অভিভাবক তথা শিক্ষামোদীসহ সকল মহলের সহযোগিতা কামনা করা হয়।

বৈঠকে সিদ্ধান্ত গৃহীত হয় যে, কর্তৃপক্ষ বিশ্ববিদ্যালয়ের শিক্ষার পরিবেশ বিঘ্নিতকারীদের বিরুদ্ধে আইনানুগ ব্যবস্থা গ্রহণ করবেন।

উপ-প্রধানমন্ত্রী ও প্রেসিডেন্টের রাজনৈতিক উপদেষ্টা কাজী জাফর আহমদ, স্বরাষ্ট্রমন্ত্রী মেজর জেনারেল (অবঃ) মাহমুদুল হাসান, শিক্ষামন্ত্রী শেখ শহীদুল ইসলাম, প্রেসিডেন্টের মুখ্য সচিব এ, এইচ, এফ, কে, সিদ্দিক, রাজশাহী বিশ্ববিদ্যালয়ের ভাইস চ্যান্সেলর প্রফেসর আমানুল্লাহ আহমদ ও পদস্থ কর্মকর্তাগণ বৈঠকে উপস্থিত ছিলেন।